



বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১

(রিজুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

প্রধান কার্যালয়

ঢাকা।

erecruitment.bb.org.bd



বিজ্ঞপ্তি নং- ০৩/২০২২

তারিখ : ২৭ পৌষ ১৪২৮
১১ জানুয়ারি ২০২২

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ এ 'চিকিৎসা কর্মকর্তা' পদে নিয়োগের
উদ্দেশ্যে অনুর্তেয় লিখিত পরীক্ষার কেন্দ্র ও সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ এ ৯ম ফেডের ১১ ক্যাটাগরির পদে নিয়োগের লক্ষ্যে প্রকাশিত বিজ্ঞপ্তি নং- ৬১/২০১৯, তারিখ-২২/১২/২০১৯ এর সূত্রে 'চিকিৎসা কর্মকর্তা' পদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুর্তিত হবেঃ

পরীক্ষার তারিখ ও বার	পরীক্ষার সময়	পরীক্ষার কেন্দ্র
২৮/০১/২০২২ শুক্রবার	দুপুর ০২ঃ৩০টা হতে ০৪ঃ৩০টা পর্যন্ত ০২ ঘন্টা ব্যাপী	সেন্ট্রাল উইমেন্স কলেজ, ১৩/২, অভয় দাস লেন, টিকাটুলি, ঢাকা-১২০৩।

২. পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু প্রার্থীগণ আগামী ১৭/০১/২০২২ তারিখ থেকে পরীক্ষা শুরুর অব্যবহিত পূর্ব পর্যন্ত বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (<https://erecruitment.bb.org.bd>) হতে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।
৩. বর্ণিত পদে ২০১৬ সালে ম্যানুয়াল পদ্ধতিতে আবেদনকারী প্রার্থীদের প্রবেশপত্র তাদের স্থায়ী ঠিকানা বরাবর প্রেরণ করা হবে। প্রবেশপত্র না পেলে উক্ত পরীক্ষার অব্যবহিত পূর্বের ০৩(তিন) কর্মদিবসের মধ্যে হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, রিজুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (প্রধান ভবনের ষষ্ঠ তলা) হতে সংগ্রহ করা যাবে।
৪. প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।
৫. প্রার্থীকে ০৬(ছয়) ডিজিটের পূর্ণাঙ্গ রোল নম্বর যথাযথভাবে মিলিয়ে পরীক্ষার কক্ষে প্রবেশ করার পরামর্শ প্রদান করা হলো।
৬. পরীক্ষার কেন্দ্রে কোনো কাগজ, বই, মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্টওয়াচ, যে কোনো ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস, ক্রেডিট ও ডেবিট কার্ড, ক্রেডিট ও ডেবিট কার্ড সদৃশ কোনো ডিভাইস, গহনা, ব্রেসলেট, মানিব্যাগ/ওয়ালেট ও ব্যাগ আনা সম্পূর্ণ নিষিদ্ধ।
৭. প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ০১(এক) ঘন্টা পূর্বে প্রার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষা শুরু হওয়ার পর কোনো অবস্থাতেই কোনো প্রার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।
৮. পরীক্ষা চলাকালীন প্রার্থীরা কানের ওপর কোনো আবরণ রাখতে পারবেন না, উভয় কান দৃশ্যমান রাখতে হবে।
৯. পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১০. প্রার্থীদেরকে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। মাস্ক পরিধান ব্যতিরেকে কোনো প্রার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।

স্বাক্ষরিত/-

(মোঃ গোলাম মোস্তফা)

মহাব্যবস্থাপক